**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
**(সমন্বয় ও সংসদ অধিশাখা)**
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫ ফাল্গুন ১৪২৭

নং-৫১.০০.০০০০.২২২.০০৬.০৩.২০-৩৫

তারিখঃ.........................
১৮ ফেব্রুয়ারি ২০২১

বিষয়ঃ <u>মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।</u>

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফেব্রুয়ারি ২০২১ মাসের মাসিক সমন্বয় সভা গত ০৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখ সকাল ৯.৩০ ঘটিকায় মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

২। উল্লেখ্য যে, সভার সিদ্ধান্তের আলোকে অগ্রগতি প্রতিবেদন আগামী ২৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে হার্ডকপি ও সফটকপি (সমন্বয় ও সংসদ) অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

১৮।২।২১

(মোঃ হাবিব উল্যা)
সহকারী সচিব
ফোনঃ০১৭১২-১২৫৮৩৮
dscoordination.dmrd@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বাণিজ্যিক এলাকা,
২। অতিরিক্ত সচিব.......................................(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব.......................................(সকল), দুর্যোগ ব্যবস্থা পনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার।
৫। পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি, ৬৮৪-৬৮৬, বড় মগবাজার, ঢাকা।
৬। উপসচিব....................................(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭। সিনিয়র সহকারী সচিব................................ (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা। **(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
১০। সহকারী সচিব-........(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬ আবদুল গণি রোড, ঢাকা।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।

**অনুলিপিঃ**

১ মাননীয় প্রতি মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মাননীয় প্রতি মন্ত্রীর সদয় অবগতির জন্য), ঢাকা।
২।সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(সমন্বয় ও সংসদ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ফেব্রুয়ারি/২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোহসীন<br>সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় |
| স্থান | : | সম্মেলন কক্ষ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় |
| সময় | : | সকাল ৯.৩০ ঘটিকা |
| তারিখ | : | ০৪ ফেব্রুয়ারি ২০২১ |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'- তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতিরিক্ত সচিব (সমন্বয় ও সংসদ) সভাপতির অনুমতিক্রমে সভার এজেন্ডা ভিত্তিক বিষয়বস্তু উপস্থাপন করেন।

| ক্রঃ | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | জানুয়ারি ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে বর্ণিত বিষয়ে সংযোজন/ বিয়োজনের কোন প্রস্তাব/ সুপারিশ না পাওয়ায় কার্যবিবরণী দৃঢ়ীকরণের জন্য সকলে একমত পোষণ করেন। | জানুয়ারি ২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্য-বিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২ | পেন্ডিং বিষয় সংক্রান্ত | পেন্ডিং চিঠিসমূহ দ্রুত নিষ্পত্তি করা, পেন্ডিং তালিকা যাচাই করা এবং অনুবিভাগ প্রধানগণ নিজ নিজ অনুবিভাগের পেন্ডিং চিঠির বিষয়ে প্রতিমাসে সভা করবেন মর্মে সভায় আলোচনা হয়। তাছাড়া পেন্ডিং তালিকা সুনির্দিষ্ট হতে হবে এবং তা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | ১. পেন্ডিং চিঠিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। পেন্ডিং তালিকা যাচাই করতে হবে।<br>২. অনুবিভাগ প্রধানগণ নিজ নিজ অনুবিভাগের পেন্ডিং চিঠির বিষয়ে প্রতিমাসে সভা করবেন।<br>৩. পেন্ডিং তালিকা সুনির্দিষ্ট হতে হবে এবং তা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | অনুবিভাগ প্রধান/শাখা/ অধিশাখা প্রধানগণ। |
| ৩ | প্রশিক্ষণ ও পরিদর্শন | অতিরিক্ত সচিব (প্রশিক্ষণ) সভাকে জানান যে, অভ্যন্তনীণ প্রশিক্ষণ চলমান। বিভিন্ন শাখা কর্তৃক গৃহীত প্রশিক্ষণের ও কর্মশালার তথ্য প্রশিক্ষণ শাখাকে লিখিতভাবে অবহিত করণের জন্য প্রশিক্ষণ শাখা হতে পত্র জারী করা হয়েছে এবং এপিএ এর টার্গেট অনুযায়ী পরিদর্শন কার্যক্রম চলমান রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় বিল পরিশোধ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ১. অভ্যন্তরীণ প্রশিক্ষণ চালু রাখতে হবে।<br>২. বিভিন্ন শাখা কর্তৃক গৃহীত প্রশিক্ষণের ও কর্মশালার তথ্য প্রশিক্ষণ শাখাকে লিখিতভাবে অবহিত করতে হবে।<br>৩. এপিএ এর টার্গেট অনুযায়ী পরিদর্শন করতে হবে।<br>৪. প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় বিল পরিশোধ করতে হবে। | দুব্যঅ/অতিরিক্ত সচিব (প্রশিক্ষণ) /উপসচিব (প্রশিক্ষণ)/উপসচিব (শুদ্ধাচার ও ইনোভেশন, উপসচিব (দুব্য-১/২) |
| ৪ | অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত | যুগ্মসচিব (অডিট) সভাকে জানান যে, জানুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী বিবেচ্যমাসে সিলেট বিভাগের (অভ্যন্তরীণ/সংবিধিবদ্ধ) অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে (২৭০+৪৭)=৩১৭টি আপত্তির মধ্যে (১৩০+১৮)=১৪৮টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। | ১. অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির নিমিত্ত অতিরিক্ত সচিব/যুগ্মসচিব/উপসচিবগণ দায়িত্বপ্রাপ্ত বিভাগ/ জেলাসমূহ পরিদর্শনপূর্বক অনিষ্পন্ন আপত্তিসমূহ দ্বি-পাক্ষিক এবং ত্রি-পাক্ষিক সভার মাধ্যমে নিষ্পত্তির | মহাপরিচালক, দুব্যঅ/অতিরিক্ত সচিব (সকল)/উপসচিব সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তাছাড়া, মন্ত্রণালয় কর্তৃক উত্থাপিত দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ১২টি অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ৩রা ফেব্রুয়ারি/২০২১ খ্রি: রোজ বুধবার দ্বিপক্ষীয় সভার দিন ধার্য করা হয়েছে এবং চট্টগ্রাম বিভাগের ৩টি জেলার (ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর ও কুমিল্লা) ১৮৮(১৪৪+৪৪)টি অনিষ্পন্ন অডিট আপত্তির মধ্যে ৯৬ (৭১+২৫)টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।<br>এছাড়া, সিপিপি (ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি) কার্যালয়ের ২০১৭-২০২০ অর্থবছরের অভ্যন্তরীণ নিরীক্ষার সময়সূচি শীঘ্রই জানিয়ে দেয়া হবে মর্মে সভায় আলোচনা হয়।<br>এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং এর নিয়ন্ত্রণাধীন জেলা/উপজেলা কার্যালয় সমূহের এবং সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত সংবিধিবদ্ধ (অগ্রিম,সাধারণ ও সংকলনভূক্ত) অনিষ্পন্ন (৮৮৯+২৬৬+১১৭)টি=১২৭২টি অডিট আপত্তির তালিকা প্রস্তুত করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। | হার বৃদ্ধি করবেন।<br>২. সিপিপিতে internal Audit Team প্রেরণ করতে হবে। | |
| ৫ | গভর্নেন্স ইনোভেশন সংক্রান্ত | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় গৃহীত উদ্ভাবনী প্রকল্প বাস্তবায়নের জন্য বাস্তবায়নকারী ৪টি টীম কর্তৃক বাজেট বরাদ্দ চাওয়া হয়েছে। সে লক্ষ্যে চাহিত বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে যথাসময়ে প্রেরণ করা হয়েছে মর্মেও সভায় জানানো হয়। | সভানুষ্ঠানসহ ইনোভেশন টিমের কার্যক্রম নিয়মিতভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট টিমপ্রধান/ কর্মকর্তাগণ |
| ৬ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত | সিদ্ধান্ত মোতাবেক নির্দেশনা অনুসরণের জন্য বিভিন্ন উইং/শাখায় পত্র প্রেরণ করা হয়েছে এবং সিদ্ধান্ত মতে কার্যক্রম চলমান আছে মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান। | ১. এপিএ এর লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করতে হবে।<br>২. নির্দিষ্ট সময়ের মধ্যে ওয়ার্কসপ, সেমিনার, প্রশিক্ষণ এবং যে সকল কাজ অসম্পূর্ণ রয়েছে তা দ্রুত শেষ করতে হবে। | মহাপরিচালক/ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |
| ৭ | মামলা সংক্রান্ত | সভায় জানানো হয় যে, মহামান্য হাইকোর্টসহ অন্যান্য আদালতে জানুয়ারি ২০২১ মাস পর্যন্ত বিচারাধীন মামলার সংখ্যা নিম্নরূপঃ<br>(ক) রীট পিটিশনঃ ৭৫টি<br>(খ সিপিএলএঃ ২৪টি<br>(গ)রিভিউ মামলাঃ -<br>(ঘ) কনটেমপ্ট পিটিশনঃ ১১টি<br>(ঙ) প্রঃ ট্রাইব্যুনাল (এটি) মামলাঃ ১৫ টি<br>(চ) প্রঃ আপীল ট্রাইব্যুনাল (এএটি) মামলাঃ ০৫ টি<br>মোট = ১৩০টি<br>গুরুত্বপূর্ণ মামলাসহ সকল মামলার অগ্রগতির বিষয়ে বিজ্ঞ কৌশলীগণের সাথে নিয়মিতভাবে যোগাযোগ করা হচ্ছে মর্মে সভায় অবহিত করা হয়। | ১. মহামান্য হাইকোর্টসহ সকল আদালতে বিচারাধীন মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২. বিচারাধীন গুরুত্বপূর্ণ মামলার হালনাগাদ তথ্যাদি যথাসময়ে সচিব মহোদয়কে অবহিত করতে হবে।<br>৩. প্রত্যেক মামলায় সরকার পক্ষে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (আইন)/উপ সচিব (আইন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | মন্ত্রণালয়ের সেবা সংক্রান্ত | সেবা অধিশাখা কর্তৃক সম্ভাব্য দ্রুততম সময়ের মধ্যে সেবা প্রদান এবং যথাসময়ে বিল প্রদানের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। ইন্টারনেট স্পীড কাঙ্খিত পর্যায়ে আনা, টেলিফোন, ইন্টারকম, ডিস লাইন নিরবিচ্ছিন্নভাবে চালু রাখা, অফিস পরিস্কার-পরিচ্ছন্ন রাখা, বিভিন্ন শাখায় চাহিদা অনুযায়ী কম্পিউটার ও কম্পিউটার সরঞ্জামাদিসহ অন্যান্য মালামাল বিধি মোতাবেক দ্রুত সরবরাহের বিষয়ে আলোচনা হয়। | ১.ইন্টারকম,টেলিফোন,ইন্টারনেট, ডিস সচল রাখতে হবে।<br>২. আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক বিল পরিশোধ করতে হবে।<br>৩. অফিস পরিস্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৪. চাহিদা অনুযায়ী কম্পিউটার ও কম্পিউটার সরঞ্জামাদিসহ অন্যান্য মালামাল বিধি মোতাবেক দ্রুত সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিঃসচিব/ (প্রঃ/সেবা) /যুগ্মসচিব/ উপসচিব (সেবা) |
| ৯ | ওয়েবসাইট হাল নাগাদকরণ | মন্ত্রণালয়, অধিদপ্তর ও সিপিপি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে এবং মনিটরিং কমিটি বিষয়টি নিয়মিত তদারকি করবেন মর্মে সভায় আলোচনা হয়। তাছাড়া সংশ্লিষ্ট শাখা হতে স্পষ্ট ও পরিচ্ছন্ন কপি আইটি সেলে প্রেরণ এবং website এ Upload নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রণালয়, অধিদপ্তর ও সিপিপি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। সংশ্লিষ্ট মনিটরিং কমিটি বিষয়টি নিয়মিত তদারকি করবেন। সংশ্লিষ্ট শাখা হতে স্পষ্ট ও পরিচ্ছন্ন কপি আইটি সেলে প্রেরণ এবং website এ Upload নিশ্চিত করতে হবে। | সংস্থা প্রধানগণ /সংশ্লিষ্ট মনিটরিং কমিটি/ আইসিটি সেল |
| ১০ | শূন্য পদে জনবল নিয়োগ | ১. এ মন্ত্রণালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণীর শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত বিভাগীয় নির্বাচন কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়েছে। নিয়োগ কার্যক্রম চলমান। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর শূন্য ০১ (এক)টি এবং ক্যাশ সরকার ০১ (এক)টি পদে পদোন্নতির নিমিত্ত বিভাগীয় নির্বাচন কমিটির সভা ০২/০২/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।<br>২. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ২৭-১২-২০২০ খ্রিঃ তারিখের ৭৩৯ নম্বর স্মারকে অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ১৪০টি পদের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে। আবেদনের শেষ তারিখ ৩০শে জানুয়ারি ২০২১ খ্রি.। পরবর্তীতে বেতার যন্ত্র চালক, গাড়ীচালকসহ ৭টি পদের বিপরীতে ৬২ জন জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। কার্যক্রম চলমান মর্মে সভায় আলোচনা হয়। | ১. মন্ত্রণালয়ের শূন্য পদ পূরণের জন্য জরুরি উদ্যোগ গ্রহণ করে শূন্যপদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে। পদোন্নতি কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>২. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের শূন্যপদে নিয়োগ কার্যক্রম জরুরি ভিত্তিতে সম্পন্ন করতে হবে।<br>৩. সিপিপি'র নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক , দুব্যঅ/ অতিরিক্ত সচিব (প্রশাসন)/ পরিচালক (প্রশাসন), সিপিপি |
| ১১ | প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং সংসদ বিষয়ক তথ্যাদি প্রেরণ | প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং সংসদ বিষয়ক প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রয়োজনীয় তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করার ব্যাপারে সংস্থা প্রধান ও অনুবিভাগ প্রধানগণকে অধিকতর তৎপর হওয়ার বিষয়ে গুরুত্বারোপ করা হয় এবং চাহিত তথ্য নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | ১. প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং সংসদ বিষয়ক প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ নিশ্চিত করার নিমিত্ত সংস্থা প্রধান ও অনুবিভাগ প্রধানগণের তৎপরতা অব্যাহত রাখতে হবে।<br>২. অগ্রগতির তথ্যাদির হার্ডকপি ও সফটকপি নির্ধারিত সময়ের মধ্যে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, দুব্যঅ/পরিচালক (প্রশাসন) সিপিপি/ অনুবিভাগের প্রধানগণ ও শাখা/ অধিশাখার প্রধানগণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | e-Filing কার্যক্রম সংক্রান্ত। | ইন্টারনেটের গতি বৃদ্ধি, e-Filing কার্যক্রমের অগ্রগতি বাড়ানো এবং e-Filing এ পত্র নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়। | ১. ইন্টারনেটের গতি বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে। ২. e-Filing এ মন্ত্রণালয়ের সকলকে অধিকতর আন্তরিক হতে হবে। ৩. e-Filing এ নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। | সংশ্লিষ্ট কর্তাগণ |
| ১৩ | জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠা | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের মতামত অনুসারে দুর্যোগ ব্যবস্থাপনা আইন-২০১২ এর আলোকে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট বিধিমালা প্রস্তুত করার নিমিত্ত 'জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট' প্রতিষ্ঠা সংক্রান্ত তথ্যাদি এবং বিধিমালাটি পুনর্গঠন করে দেয়ার জন্য মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরকে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। | মহাপরিচালক, দুব্যঅ দ্রুত বিধিমালাটি সংশোধন করে প্রেরণ করবেন। | মহাপরিচালক, দুব্যঅ/অতিরিক্ত সচিব (সিপিপি) |
| ১৪ | প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপনের জন্য জায়গা নির্ধারণ | প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপনের জন্য স্থান নির্বাচনের কার্যক্রম চলমান আছে মর্মে সভায় আলোচনা হয়। | প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপনের জন্য স্থান নির্বাচনের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক (দুব্যঅ)/ অতিঃসচিব (ত্রাণ) |
| ১৫ | মহাজের সম্পত্তি | বাংলাদেশের বিভিন্ন জেলায় অবাঙালী মহাজেরদের জন্য বরাদ্দকৃত পরিত্যক্ত/অবৈধ দখলদারদের দখলে থাকা জমি উদ্ধারের বিষয়ে সভায় আলোচনা হয়। ৮টি বিভাগের জেলার জমি উদ্ধারের বিষয়ে ৭ সদস্য বিশিষ্ট টাস্কফোর্স গঠন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | জমি উদ্ধারের বিষয়ে গঠিত টাস্কফোর্স প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | মহাপরিচালক (দুব্যঅ)/ অতি: সচিব (প্রশাসন)/ত্রাণ |
| ১৬ | বিবিধ | | | |
| ক | বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে স্মারক গ্রন্হ প্রকাশ। | বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে স্মারক গ্রন্হটি চূড়ান্তকরণসহ দ্রুত প্রকাশ করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে স্মারক গ্রন্থটি চূড়ান্ত করে দ্রুত প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব পরিঃও উন্নয়ন সহ সংশ্লিষ্ট কমিটি |
| খ | দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা প্রকাশ | দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা নিয়মিতভাবে প্রকাশ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | মিডিয়া সেল থেকে নিয়মিত দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা প্রকাশ করতে হবে। | অতিরিক্ত সচিব (এনডিআরসিসি)/ সংশ্লিষ্ট কমিটি |
| গ | 'দুর্যোগ সহনীয় বাংলাদেশ নির্মাণে শেখ হাসিনার অবদান' বুকলেট ইংরেজিতে অনুবাদ | বুকলেকটি বাংলার পাশাপাশি ইংরেজিতে অনুবাদ করা হয়েছে। উহা দ্রুত মুদ্রণের/প্রকাশের জন্য SMoDMRPA প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। তবে SMoDMRPA প্রকল্প কতৃক এখনও অর্থ সংস্থান করা সম্ভব হয়নি মর্মে সভায় আলোচনা হয়। | বুকলেটটি দ্রুত মুদ্রণের/ প্রকাশের জন্য SMoDMRPA এর প্রকল্প পরিচালক ব্যবস্থা গ্রহণ করবেন। | মহাপরিচালক, দুব্যঅ/ অতিরিক্ত সচিব/উপসচিব (সমন্বয় ও সংসদ)/প্রকল্প পরিচালক, (SMoDMRPA) |
| ঘ | মুজিববর্ষ-২০২০ উপলক্ষ্যে গৃহিত কার্যক্রম। | চলতি ২০২০-২০২১ অর্থ বছরে মুজিব শতবর্ষে 'ভূমিহীন ও গৃহহীন' পরিবার পুনর্বাসনে পরিবার প্রতি ২ শতাংশ খাসজমি বন্দোবস্তপূর্বক প্রধানমন্ত্রীর কার্যালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয় কর্তৃক সমন্বিতভাবে ৫৯,৮০৩টি পরিবার পুনর্বাসনে ৫৯,৮০৩টি দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়। উক্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক প্রতিটি গৃহের নির্মাণ ব্যয় ১,৭১,০০০/- টাকা, গৃহের মামালাল পরিবহনের জন্য গৃহ প্রতি ৪,০০০/- টাকা অনুমোদিত হয়। | মুজিববর্ষ-২০২০ উপলক্ষ্যে গৃহিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | মহাপরিচালক দুব্যঅ/অতিরিক্ত সচিব (ত্রাণ)/ উপসচিব (ত্রাক-২) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বর্ণিত হারে এ মন্ত্রণালয় হতে অর্থ বরাদ্দ প্রদান করা হয়। উক্ত কর্মসূচির আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে পর্যায়ক্রমে মোট (২০,৩৭৩+১১,৮২৭+৩,৩৯৩+২,৫৩০+৪৬৩)= ৩৮,৫৮৬টি গৃহ নির্মাণ করা হয়। উক্ত গৃহসমূহের নির্মাণ ও আনুষাংগিক ব্যয় বাবদ এ মন্ত্রণালয় হতে প্রায় ৬৭৫.২৫ কোটি টাকা ছাড় করা হয়। এছাড়া চলতি অর্থ বছরে আরো ১৩৩১টি গৃহ নির্মাণের জন্য প্রতিটি গৃহ নির্মাণ ব্যয় বাবদ ১,৭১,০০০/- টাকা এবং পরিবহন ব্যয় বাবদ ৪০০০/- টাকা মোট ১,৭৫,০০০/- টাকা হারে ২৩.২৯ কোটি টাকা ছাড় করা হয়েছে। মন্ত্রণালয় হতে এ যাবৎ সর্বমোট ৬৯৮.৫৪ কোটি টাকা ছাড় করা হয়েছে। উল্লেখ্য চলতি অর্থ বছরে আরো ৩০,১৮২টি দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এতে প্রতিটি বাসগৃহ নির্মাণ ব্যয় ১,৯০,০০০/- টাকা, পরিবহন ব্যয় সমতল এলাকর জন্য ৫০০০/- টাকা, হাওর-বাওর, চরাঞ্চল ও পার্বত্য এলাকার জন্য ৭০০০/- টাকা নির্ধারণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। | | |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/৭/২৩

(মোঃ মোহসীন)
সচিব